

১৭ জুলাই ২০১৯

অধ্যাপক আনু মুহাম্মদকে স্বপরিবারে গুম করার হুমকি : আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর গভীর উদ্বেগ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক আনু মুহাম্মদকে ফোনে স্বপরিবারে গুম করে ফেলার হুমকি দেয়া হয়েছে। আইন ও সালিশ কেন্দ্র (আসক) এ সংবাদে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। পাশাপাশি হুমকিদাতাকে সনাক্ত করে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহন এবং অধ্যাপক আনু মুহাম্মদ ও তাঁর পরিবারের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানাচ্ছে।

গণমাধ্যমসূত্রে জানা গেছে, নিজেকে শীর্ষ সন্ত্রাসী সুব্রত বাইন পরিচয় দিয়ে ১৬ জুলাই ২০১৯ সকাল ১০ টায় অধ্যাপক আনু মুহাম্মদকে ফোন করে চাঁদা চাওয়া হয়। টাকা না দিলে পরিবারের সদস্যদের গুম করার হুমকি প্রদান করা হয়। উক্ত ঘটনায় অধ্যাপক আনু মুহাম্মদ খিলগাঁও থানায় একটি সাধারণ ডায়েরী (জিডি) করেছেন।

ফোনে অধ্যাপক আনু মুহাম্মদের কাছ থেকে চাঁদা দাবী এবং তাঁর ও তাঁর পরিবারের ক্ষতি করার হুমকি প্রদানের এ ঘটনা অত্যন্ত উদ্বেগজনক। আসক দ্রুততার সাথে সুষ্ঠু তদন্তের মাধ্যমে হুমকিদাতাকে সনাক্ত করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: +88-02-8100192, 8100195, 8100197, Fax: +88-02-8100187
Email: ask@citechco.net, Website: www.askbd.org